


ভাস্কিকর বিজ্ঞাপন ও টেলিফোন সেবা



কম্যুনিটিস ফর টেলিকম রাইটস

ভাস্কিকর বিজ্ঞাপন কি ?

অনেকগুলি কোম্পানি আপনার সঙ্গে ব্যবসা করে লাভবান হতে চায়। আপনার দৃষ্টি আকর্ষণ করার জন্য এরা প্রায়ই টেলিভিশন, রেডিও এবং পত্রিকা ও খবরের কাগজে বিজ্ঞাপন দেয়। তাছাড়াও নানা ভাষায় বিজ্ঞাপনের জন্য প্রচুর অর্থ ব্যয় করা হয়। এর মধ্যে কয়েকটা বিজ্ঞাপন প্রতারণাপূর্ণ বা ভাস্কিকর হতে পারে। প্রায়ই এইসব বিজ্ঞাপনে জরুরী তথ্যগুলির (যেমন অতিরিক্ত চার্জ বা মূল্য) উল্লেখ থাকে না, অথচ সমস্ত তথ্য জেনে সিদ্ধান্ত নেওয়ার জন্য এগুলি জরুরী। কখনও আবার জরুরী তথ্যগুলি খুব ছোট হরফে লেখা হয়।


টেলিফোন পরিষেবায় ভাস্কিকর বিজ্ঞাপনের উদাহরণ

মাসিক ফী : বিজ্ঞাপনে হয়ত লেখা রয়েছে যে দূর পাল্লার ফোনের দর মিনিট প্রতি 10¢। অথচ বিজ্ঞাপনে একথার স্পষ্ট উল্লেখ নেই যে মাসিক \$5.95 ফী দিতে হবে।

ন্যূনতম মূল্য : বিজ্ঞাপনে হয়ত লেখা রয়েছে যে দূর পাল্লার কলের দর মিনিট প্রতি 5¢। তবে কলটা যতই অল্প সময়ের হোক, হয়ত প্রতিটি কলে ন্যূনতম \$1 দিতে হবে। অর্থাৎ যদি এক মিনিট মাত্র ফোনে কথা হয় তাহলেও \$1 দিতে হবে।

ক্লাইম্বিং বা ক্রমবর্ধমান রেট* : একটি বিজ্ঞাপন বলছে যে 20 মিনিট পর্যন্ত ফোনে করে কথা বলার দাম মাত্র \$1 তবে ঐ প্রথম 20 মিনিটের পর প্রতিটি অতিরিক্ত মিনিট কথা বলার দর 10¢।

সময়ের বাধা : বিজ্ঞাপনে লেখা রয়েছে 'অফ-পিক' কল করলে দূর পাল্লার দর মিনিট প্রতি 5¢। তবে ঐ রেট শুধু রাত 9 টা থেকে ভোর 6 টা ('অফ-পিক' সময়টায়) প্রযোজ্য।



*পরের পৃষ্ঠায় শব্দকোষ দেখুন

ভৌগলিক বাধা : বিজ্ঞাপনে জানানো হয়েছে যে ইউএস-এর গণ্ডিতে দূর পাল্লার ফোনের দর মিনিট প্রতি 5¢। তবে এটা এক রাজ্য থেকে আরেক রাজ্যে ফোন করার দর। একই রাজ্যের মধ্যে ফোন করলে হয়ত দর বেশী হবে।

উদাহরণ : আপনি ক্যালিফোর্নিয়ায় আছেন এবং ক্যালিফোর্নিয়ার বাইরে ফোন করছেন। সেটা এক রাজ্য থেকে আরেক রাজ্যে 'কল' করা হবে। প্রতি মিনিটে আপনার 5¢ দিতে হবে। অথচ ক্যালিফোর্নিয়ার এলাকার মধ্যে ফোন করলে তা ঐ রাজ্যের সীমানার ভেতর থাকবে। সেক্ষেত্রে কলের দর বেশী হতে পারে।

প্রোমোশন সংক্রান্ত বাধা* : বিজ্ঞাপনে রয়েছে যে দূর পাল্লার ফোন করার দাম প্রতি মিনিটে 5¢। তবে এটা শুধু ব্যবসাবৃদ্ধির জন্য করা হয়েছে অর্থাৎ আপনি ঐ কোম্পানির সেবা নেওয়া শুরু করার মাত্র 60 দিন পর্যন্ত ঐ দর প্রযোজ্য হবে। 60 দিন পরে দূর পাল্লার দাম প্রচুর বেড়ে যাবে। সুতরাং ঐ দর প্রোমোশন সংক্রান্ত কি না জেনে নিন!

দরের তুলনামূলক হিসাব : একটি বিজ্ঞাপনে কোম্পানি প্রতিযোগীদের দরের তুলনামূলক ব্যাখ্যা দেওয়া হয়েছে। ঐ তুলনায় বোঝানো হয়েছে যে কোম্পানির পরিষেবা সস্তা। তবে ঐ বিজ্ঞাপন হয়ত ভিন্ন কালিং প্লানে প্রতিদ্বন্দ্বীর দরগুলি দেখাচ্ছে অথবা যে দরগুলি দেখাচ্ছে তা অনেক পুরানো।

ক্রমশ ...

আপনার স্থানীয় কম্যুনিটি বেসড অর্গ্যানাইজেশনের (CBO) সঙ্গে যোগাযোগ করুন

সক্রিয় হয়ে উঠুন

<p>দেশব্যাপী নেটওয়ার্ক : কয়েকটা সেল ফোন কোম্পানি দেশব্যাপী সেবার বিজ্ঞাপন দেয়। অথচ ঐ পরিষেবা হয়ত ইউএস-এর কয়েকটি রাজ্যে সীমাবদ্ধ এমনকি শহর স্টেট-এ মাত্র গুটি কয়েক শহরের জন্য প্রযোজ্য।</p> <p>ভ্রান্তিকর বিজ্ঞাপন দেখিয়ে আমাকে ঠকানো হলে কি করব ?</p> <p>আপনি যদি টেলিফোন সেবার বিজ্ঞাপনে উত্তর দেন এবং আপনার মনে হয় যে বিজ্ঞাপন আপনাকে বিভ্রান্ত করছে, আপনি যা যা করতে পারেন তা হল :</p> <ol style="list-style-type: none"> 1) ঐ বিজ্ঞাপনের একটা কপি অবশ্যই নিজের কাছে রাখবেন। পরে এটা প্রমাণস্বরূপ প্রয়োজন হতে পারে। 2) তথ্য পত্রিকায় তালিকাভুক্ত CBO র সঙ্গে যোগাযোগ করুন। 3) প্রতি ফোন কোম্পানিতে এমন একটি ফোন নম্বর থাকবে যেখানে আপনি যোগাযোগ করে অভিযোগ জানাতে পারেন। কোম্পানির সঙ্গে যোগাযোগ করুন, আপনার জমা করা অর্থ ফেরত পাবেন কি না, সেবা বাতিল করতে পারেন কি না বা ভবিষ্যতে সেবায় ক্ষতিপূরণ করা হবে কি না জেনে নিন। 	<p>শব্দকোষ</p> <p>ক্রাইমিং রোট : নির্দিষ্ট সময়ের বেশী কথা বলা হলে ফোন কলের দাম ক্রমশঃ বাড়তে থাকে।</p> <p>অফ পিক : 'অফ পিক' সময়টায় কম ফোন করা হয়। সাধারণতঃ সারা সপ্তাহে রাত 9 টা থেকে ভোর 6 টার আগে ও সারা সপ্তাহান্তে যে কোনো সময় 'অফ-পিক' থাকে। কখনও কখনও 'অফ-পিক' ফোন করা সাশ্রয়কর হয়।</p> <p>ভৌগলিক বাধা : বিজ্ঞপিত কয়েকটি রোট শুধু দেশের কিছু অংশে ফোন করলেই প্রযোজ্য।</p> <p>প্রমোশনাল রোট : আরো ব্যবসালভের জন্য কোম্পানি এইসব রোট রাখে। তবে এই রোট হয়ত সীমিত সময়ের জন্য প্রযোজ্য।</p>
--	---



বিজ্ঞাপন দেখে বিভ্রান্ত হওয়ার হাত থেকে নিষ্কৃতির সাধারণ কয়েকটা নির্দেশ।

- ◆ বিজ্ঞাপনের সব তথ্যগুলি ভালো মত পড়ুন। শুধু বিজ্ঞাপনে দেওয়া দর বা শিরোনাম পড়বেন না। বিজ্ঞাপনে ছোট হরফে লেখাগুলিতে হয়ত এমন কিছু অতিরিক্ত মূল্য দাবি করা হচ্ছে যা আপনাকে দিতে হবে বা বিজ্ঞপিত দরে বাধাদায়ক শর্ত আছে।
- ◆ বিজ্ঞাপনটা সময়ে রেখে দিন। যে বিজ্ঞাপন দেখে সেবা গ্রহণ করছেন সেটা রেখে নিন।
- ◆ সব লিখিত বিষয়বস্তু সময়ে রাখুন সেবার শুরুতে যেসব লিখিত তথ্য দেওয়া হবে তা রেখে দেবেন।
- ◆ কয়েক মাসের বিল জমা রাখবেন। বিজ্ঞাপন যে ভ্রান্তিকর ছিল তা প্রমাণ করার জন্য এগুলির দরকার হতে পারে।
- ◆ সেবা শুরু করার আগে ঐ কোম্পানির গ্রাহক পরিষেবা প্রতিনিধির সঙ্গে কথা বলে নিন।
- ◆ লিখিতরূপে তথ্য চেয়ে নিন।
- ◆ আপনার নিজস্ব ভাষায় কোম্পানি তথ্য দিতে পারে কি না জেনে নিন।

